# Times Today BD

কাজী শহিদুল্লাহ তনয় | রাজনীতি | 03 June, 2025

খুনি আওয়ামী লীগের সময়ে যে বাজেট পেশ করা হয়েছিল সেই বাজেটের বৃহৎ অংশ তারা চুরি, ডাকাতি ও পাচার করেছে।অন্তবর্তী কালীন সরকার যে বাজেট দিচ্ছে অবশ্যই জনগণের আশা-আকাঙ্ক্ষার প্রতিফলন ঘটবে বলে মন্তব্য করেছেন বিএনপি'র চেয়ারপার্সনের উপদেষ্টা আমান উল্লাহ আমান।

মঙ্গলবার (৩ জুন) দুপুরে সাভারের হেমায়েতপুরে শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান এর ৪৪তম শাহাদত বার্ষিকী উপলক্ষে আয়োজিত দোয়া মাহফিল ও তবারক বিতরণ অনুষ্ঠানে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এই মন্তব্য করেন।

এ সময় তিনি আরও বলেন, অন্তবর্তীকালীন সরকার চেষ্টা করছেন একটা সফল নির্বাচন করবেন, এটি'ই আমাদের প্রত্যাশা।

তেঁতুলঝোড়া ইউনিয়ন বিএনপি'র সভাপতি হাজী মো. মহিউদ্দিনের সভাপতিত্বে অনুষ্ঠিত দোয়া মাহফিল ও আলোচনা সভায় এসময় উপস্থিত ছিলেন সাভার থানা বিএনপি' সাবেক সভাপতি হাজী জামাল উদ্দিন সরকার, সাভার উপজেলা বিএনপি'র সাবেক সাধারণ সম্পাদক হাজী কফিল উদ্দিন, সাভার পৌর আওয়ামীলীগের সভাপতি শাহ মাইনুল ইসলাম খান বিল্টু সহ প্রমুখ।

আলোচনা সভা শেষে শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের ৪৪ তম শাহাদত বার্ষিকীর দোয়া মাহফিল ও তবারক বিতরণ করা হয়।

অন্তবর্তী কালীন সরকার বাজেট বিএনপি

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 08:49

URL: https://www.timestodaybd.com/public/politics/7758073301